## ADMISSION
## 2 - YEAR REGULAR COURSE ON
## ‘DIPLOMA IN AGRICULTURE’

# RAMAKRISHNA MISSION INSTITUTE OF INTEGRATED AGRICULTURE AND MANAGEMENT (RKM-IIAM)

### AFFILIATED BY
## UNIVERSITY OF KALYANI








RAMAKRISHNA MISSION ASHRAMA, SARGACHHI
MURSHIDABAD, WB - 742408
(A BRANCH CENTRE OF BELUR MATH, HOWRAH, WEST BENGAL-711202)

# রামকৃষ্ণ মিশন আশ্রম, সারগাছি

**রামকৃষ্ণ মিশন আশ্রম, সারগাছি,** পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার বহরমপুরের উপকণ্ঠে অবস্থিত। এটি পশ্চিমবঙ্গের হাওড়ার বেলুড় মঠে অবস্থিত সদর দপ্তরের অধীন রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের প্রাচীনতম কেন্দ্র।

১৮৯৭ সালে স্বামী অখণ্ডানন্দ কর্তৃক প্রতিষ্ঠিত সারগাছি আশ্রম, স্বামী বিবেকানন্দের প্রবর্তিত মানবসেবার মহান আদর্শকে ধারণ করে এক গৌরবময় সেবার ইতিহাস বহন করে চলেছে। বর্তমানে এটি শিক্ষা, দক্ষতা উন্নয়ন, এবং যুবসমাজকে স্বনির্ভর করে তোলার জন্য উদ্ভাবনী উদ্যোগের পাশাপাশি সমাজের অবহেলিত ও বঞ্চিত মানুষের সেবার এক সুপরিচিত কেন্দ্র।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তর, গবেষণা প্রতিষ্ঠান, অন্যান্য খ্যাতনামা সংস্থা, শিল্পপ্রতিষ্ঠান ইত্যাদির সঙ্গে বহু অর্থবহ সহযোগিতায় উদ্‌ভুত বিভিন্ন কর্মসূচির ফলে বিপুল সংখ্যক মানুষ এর সেবার সুফল ভোগ করছেন। কৃষি বিজ্ঞান কেন্দ্র (KVK), ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট (ITI), বিদ্যালয়সমূহ, পাট-চামড়া-বয়নভিত্তিক বৃত্তিমূলক প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র, খাদ্য প্রক্রিয়াকরণ ইউনিট, কৃষিখামার, পলি হাউস ও শেড নেট হাউস, মৃত্তিকা পরীক্ষাগার, ঔষধি উদ্যান ও তার প্রক্রিয়াকরণ ইউনিট, বিজ্ঞান-ভিত্তিক গোপালন, পোলট্রি, মৎস্যচাষ, শিল্প ও ভাস্কর্য বিভাগ, দাতব্য চিকিৎসালয় ইত্যাদি বিভিন্ন ইউনিটের বর্তমান কার্যক্রমের মাধ্যমে প্রতিদিন অসংখ্য ছাত্রছাত্রী, গ্রামীণ যুবক-যুবতী, কৃষক, উদ্যোক্তা এবং সাধারণ মানুষ উন্নত জীবন ও উজ্জ্বল ভবিষ্যতের পথ খুঁজে পাচ্ছেন।

সম্প্রতি, এই আশ্রমের একটি নুতন শিক্ষা বিভাগ 'ইনস্টিটিউট অব ইন্টিগ্রেটেড এগ্রিকালচার অ্যান্ড ম্যানেজমেন্ট (Institute of Integrated Agriculture and Management (IIAM)', পশ্চিমবঙ্গের নদিয়ার 'কল্যাণী বিশ্ববিদ্যালয়ের' অনুমোদিত (Affiliated) দুই বছর মেয়াদি 'ডিপ্লোমা ইন এগ্রিকালচার' (2-year Diploma in Agriculture) কোর্স চালু করতে চলেছে।



# কোর্সটির উদ্দেশ্য

- **মূলত মধ্যম-স্তরের মেধাবী ছাত্র-ছাত্রীদের ‘কর্ম/আয়/সম্পদ-সৃষ্টিকারী শিক্ষা’-এর দিকে উদ্‌বুদ্ধ করা।**
- **কৃষিভিত্তিক শিল্প/প্রতিষ্ঠানের মধ্যম-স্তরের বিশেষজ্ঞ/তত্ত্বাবধায়কদের কাজের উদ্দেশ্য পূরণে প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাব প্রদান করা।**
- **সমন্বিত/ যৌথ কৃষি ব্যবস্থা (Integrated Farming System) এবং বাণিজ্যিক কৃষি সম্পর্কে জ্ঞান ও দক্ষতা প্রদান করা।**

# কোর্সের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি

- ✓ **আবেদন/ভর্তির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক (১০+২) অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।**
- ✓ **পূর্ণকালীন কোর্স (প্রতিদিন সকাল ১০.০০টা থেকে বিকেল ৪.৩০টা পর্যন্ত, সপ্তাহে ৫ দিন)**
- ✓ **দুই বছর মেয়াদি এই কোর্সটি মোট ৪টি সেমিস্টারে বিভক্ত এবং এতে মোট ৮৬টি ক্রেডিট রয়েছে**

  *(সেমিস্টার-I: ২১, সেমিস্টার-II: ২১, সেমিস্টার-III: ২০ এবং সেমিস্টার-IV (ইন্টার্নশিপসহ): ২৪ ক্রেডিট)*

- ✓ **পাঠ্যক্রমে ৪৫% তাত্ত্বিক (Theory) এবং ৫৫% ব্যবহারিক (Practical) শিক্ষার সমন্বয় রয়েছে, যা শিক্ষার্থীদের হাতে-কলমে দক্ষতা অর্জনে সহায়তা করে।**
- ✓ **কোর্সে মোট ২৩টি মডিউল অন্তর্ভুক্ত রয়েছে। এর মধ্যে রয়েছে –**

শস্য বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান ও উদ্ভিদ পুষ্টি ব্যবস্থাপনা, কৃষি কীটতত্ত্ব, উদ্ভিদ রোগতত্ত্ব, কৃষি রসায়ন, সমন্বিত কীট ব্যবস্থাপনা (IPM), জৈব কৃষি, ভারতীয় কৃষি জ্ঞান ব্যবস্থা, জেনেটিক্স ও উদ্ভিদ প্রজনন, কৃষি ও গ্রামীণ অর্থনীতি, উদ্যানবিদ্যা, পশুপালন, কৃষি সম্প্রসারণ, মৎস্যচাষ, অর্থনীতি ও হিসাববিজ্ঞানের মৌলিক বিষয়, উদ্যোক্তা ও স্টার্টআপ ব্যবস্থাপনা, সমন্বিত কৃষি ব্যবস্থা (IFS), কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ও ডিজিটাল কৃষি এবং কৃষিযন্ত্র প্রযুক্তি। এছাড়াও পাঠ্যক্রমে বাণিজ্যিক কৃষি, বাণিজ্যিক উদ্যানপালন, বাণিজ্যিক মৎস্যচাষ, বাণিজ্যিক পশুপালন, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (Supply Chain Management), ফসলোত্তর প্রযুক্তি, বাণিজ্যিক মৌপালন, অংশগ্রহণমূলক কৃষি ব্যবস্থাপনা (Participatory Agricultural Management) এবং বীজ প্রযুক্তির মতো বিশেষায়িত বিষয়ও অন্তর্ভুক্ত রয়েছে।






# পরিকাঠামো ও অন্যান্য সুযোগ-সুবিধা


















# কোর্স ফি ও আবেদন প্রক্রিয়া

- ভর্তি ও রেজিস্ট্রেশন ফি: ১০,০০০/- (এককালীন) + প্রথম দুই মাসের কোর্স ফি: ১০,০০০/-
- সেমিস্টার ফি: প্রতি সেমিস্টারে ৩০,০০০/-

**ভর্তির সময় প্রার্থীদের মোট ২০,০০০/- জমা দিতে হবে। এর মধ্যে ১০,০০০/- এককালীন ভর্তি ও রেজিস্ট্রেশন ফি এবং ১০,০০০/- প্রথম সেমিস্টারের প্রথম দুই মাসের কোর্স ফি হিসেবে গ্রহণ করা হবে।**

যোগ্য শিক্ষার্থীদের জন্য বৃত্তি (Scholarship) ও স্টাইপেন্ড -এর সুবিধা উপলব্ধ রয়েছে। এই সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান আবেদন প্রক্রিয়ায় প্রয়োজনীয় সহযোগিতা ও দিকনির্দেশনা প্রদান করে।

**আবেদনের পদ্ধতি: আগ্রহী প্রার্থীরা আবেদন লিঙ্কের মাধ্যমে অনলাইনে অথবা প্রদত্ত QR কোড স্ক্যান করে আবেদন করতে পারবেন।**

**আবেদনের লিঙ্ক - https://zfrmz.in/15FnHu56rIHFMUGbvB4i**

**অথবা**

**QR কোড স্ক্যান করুন**

**** দূরবর্তী এলাকার শিক্ষার্থীদের জন্য সীমিত সংখ্যক হোস্টেল আসন উপলব্ধ রয়েছে। (নির্ধারিত হোস্টেল ফি প্রযোজ্য)**

# গুরুত্বপূর্ণ তারিখ/ দিন সমূহ

- আবেদনের শেষ তারিখ: ২০ আগস্ট, ২০২৬
- নথি যাচাইয়ের সম্ভাব্য তারিখ (ক্যাম্পাসে): ২৭ আগস্ট, ২০২৬
- সফল প্রার্থীদের তালিকা প্রকাশ: ২৭ আগস্ট, ২০২৬ (নথি যাচাইয়ের পরপরই)
- ভর্তি কার্যক্রম: ২৭ আগস্ট, ২০২৬ (সফল প্রার্থীদের তালিকা প্রকাশের পরপরই)
- ক্লাস শুরু: ৫ সেপ্টেম্বর, ২০২৬

# কোর্সের প্রত্যাশিত ফলাফল

## কোর্সটি সম্পন্ন করার পর, প্রার্থীরা -

- বিভিন্ন কৃষিভিত্তিক শিল্পে ফিল্ড- লেভেল বিশেষজ্ঞ/প্রযুক্তিবিদ/সম্প্রসারণ কর্মীদের উপযোগী জ্ঞান ও দক্ষতা অর্জন করবে,
- কৃষিভিত্তিক সংস্থার সম্প্রসারণ কর্মী/ তত্ত্বাবধায়কদের উপযুক্ত জ্ঞান ও দক্ষতা অর্জন করবে,
- বাণিজ্যিক কৃষি উদ্যোগের প্রতি আত্মবিশ্বাস অর্জন করবে,
- আধুনিক ও উন্নত কৃষির জন্য নিজেদের খামার পরিচালনা করতে আত্মবিশ্বাসী হবে।






Ramakrishna Mission Institute of Integrated Agriculture and Management

Ramakrishna Mission Ashrama, Sargachhi,

Murshidabad; West Bengal - 742408

Email: rkmiiamadmission@gmail.com ; Phone: 7003851825/ WhatsApp – 9564568428